



Progetto co-finanziato dall'Unione Europea




Regione Toscana




MINISTERO
DELL'INTERNO

FONDO ASILO, MIGRAZIONE E INTEGRAZIONE (FAMI) 2014-2020

Obiettivo Specifico 1. Asilo - Obiettivo Nazionale 1. Accoglienza/Asilo - lett. C - Potenziamento del sistema di 1° e 2° accoglienza-Tutela della salute-PROG-2103 "SPRINT2



বিনামূল্যে গর্ভনিরোধক



আরও বিস্তারিত জানতে এবং আপনার নিকটস্থ পরামর্শক
কেন্দ্র খুঁজে বের করতে এখানে যান:

regione.toscana.it/contraccezione-gratuita

অথবা অন্যান্য ভাষায় জানতে হলে এখানে যান :

<https://icare.sanita.toscana.it/it/>

তোসকানা অঞ্চলে যুবক এবং প্রাপ্তবয়স্কদের আবেগময় এবং যৌন জীবনের জন্য সচেতন এবং সুরক্ষিত সিদ্ধান্তগুলিকে উৎসাহিত করতে এবং যৌনবাহিত রোগ এবং অবাঞ্ছিত গর্ভধারণের ঝুঁকি কমাতে **বিনামূল্যে গর্ভনিরোধক** সরবরাহ করা হয়।

♥ কার অধিকার রয়েছে

জাতীয় স্বাস্থ্য সংস্থা SSN এ নিবন্ধিত ব্যক্তিদের জন্য বিনামূল্যে গর্ভনিরোধক,তোসকানা অঞ্চলে যাদের স্থায়ী আবাসন বা রেসিডেন্ট এবং অস্থায়ী আবাসন বা দমিচিলিও রয়েছে,এসটিপি STP কোডের অধিকারী(অস্থায়ীভাবে উপস্থিত বিদেশীদের জন্য),যারা নিম্নলিখিত জনসংখ্যা গোষ্ঠীর অংশ:

- ১৪ থেকে ২৫ বছর বয়সী তরুণ ;
- ২৬ থেকে ৪৫ বছর বয়সী প্রাপ্তবয়স্ক ব্যক্তি, যাদের এজেন্সিওনে কোড E02 - E90 - E91 - E92 - E93 - X01 রয়েছে ;
- ২৬ থেকে ৪৫ বছর বয়সী মহিলা, প্রসবের ১২ মাসের মধ্যে অথবা গর্ভ অবসানের ২৪ মাসে মধ্যে ;

এছাড়াও ফ্লোরেন্স, পিসা, সিয়েনা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রিকৃত ২৫ বছর বয়সী তরুণদের জন্য এবং সিয়েনার বিদেশীদের জন্য বিশ্ববিদ্যালয়ে, বিশ্ববিদ্যালয়ের সিঙ্গল স্টুডেন্ট কার্ডের অধিকারী - তোসকানা অঞ্চলের ছাত্র।

♥ কিভাবে বিনামূল্যে গর্ভনিরোধকের আবেদন করা যাবে

আপনার বয়স ১৪ থেকে ২৪ এর মধ্যে হলে, তরুণদের জন্য পরামর্শক কেন্দ্রের সাথে যোগাযোগ করুন। আপনার বয়স ২৫ থেকে ৪৫ এর মধ্যে হলে অনুগ্রহ করে পরামর্শক কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

আপনি সরাসরি অ্যাক্সেস করতে পারবেন অর্থাৎ ডাক্তারে কোন প্রেসক্রিপশন প্রয়োজন হবেনা।শুধুমাত্র ক্লিনিকের কর্মীদের আপনাকে বিনামূল্যে গর্ভনিরোধক করার অধিকার পাওয়ার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশন প্রদান করুন (তোসকানা অঞ্চলে স্থায়ী বা অস্থায়ী বাসিন্দাদের জন্য জন্য স্যানিটারী কার্ড, স্টুডেন্ট কার্ড বা STP এসটিপি, এজেন্সিওনি সার্টিফিকেট, হাসপাতালের ডিসচার্জ চিঠি)।

কিভাবে পরামর্শক কেন্দ্রে অ্যাক্সেস করতে হবে, তা সম্পর্কে আরও জানতে এবং আপনার নিকটস্থ পরামর্শক কেন্দ্র খুঁজে বের করতে এখানে যান :

regione.toscana.it/contraccezione-gratuita অথবা অন্যান্য ভাষায় জানতে হলে এখানে যান : <https://icare.sanita.toscana.it/it/>

♥ বিনামূল্যে পাওয়া গর্ভনিরোধক কি কি

বর্তমানে বিভিন্ন নীতির উপর ভিত্তি করে গর্ভনিরোধকের বিভিন্ন পদ্ধতি রয়েছে, কিন্তু সবচেয়ে ভাল বলতে কোন পদ্ধতি বিদ্যমান নেই। পছন্দটি আপনার চাহিদা এবং বিশ্বাসের উপর নির্ভর করে, তবে প্রধানত নির্ভর করে আপনার স্বাস্থ্যের উপর। ক্লিনিকের স্বাস্থ্যসেবা কর্মীরা, যাদের সাথে আপনি যোগাযোগ করবেন, তারা আপনার জন্য সেরাটি বেছে নিতে আপনাকে সাহায্য করতে সক্ষম হবেন।

বিনামূল্যে পাওয়া গর্ভনিরোধক হল:

- * ইস্ট্রোজেন এবং প্রোজেস্টোজেন বডি
- * ট্রান্সডার্মাল প্যাচ
- * যোনি রিং
- * হরমোন সহ এবং ছাড়া অন্তঃসত্ত্বা ডিভাইস (স্পিরালে)
- * সাবকুটেনিয়াস (চামড়ার নীচে) ডিভাইস
- * কনডম

♥ জরুরী গর্ভনিরোধক বা "মর্নিং আফটার পিল"এর জন্য কিভাবে আবেদন করবেন

অরক্ষিত বা যথার্থভাবে সুরক্ষিত নয় এমন যৌন মিলনের পরে এবং অবাঞ্ছিত গর্ভধারণের ঝুঁকিতে, জরুরী গর্ভনিরোধক বা "মর্নিং আফটার পিল" অবলম্বন করা সম্ভব। ঝুঁকিপূর্ণ সহবাসের পরে অবিলম্বে ওষুধ নেওয়ার প্রয়োজন নেই, তবে এটি পরবর্তী ২৪/৭২ ঘন্টার মধ্যে নেওয়া উচিত এবং কোনও ভাবেই ১২০ ঘন্টা পরে নেওয়া যাবেনা।

জরুরী গর্ভনিরোধক ওষুধ উপরোল্লিখিত তালিকার একই ক্যাটেগরির ব্যক্তিদের জন্য বিনামূল্যে পাওয়া যাবে।

যে দিন এবং সময়ে স্ত্রীরোগ বিশেষজ্ঞ উপস্থিত থাকবেন,সেদিন ওষুধের প্রেসক্রিপশন এবং প্রাপ্যতার জন্য আপনি আপনার নিকটতম পরামর্শক কেন্দ্রে যেতে পারেন-

যেদিন পরামর্শক কেন্দ্র বন্ধ থাকবে, সেদিন জরুরী বিভাগে যেতে হবে, সেখানে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হবে।

"মর্নিং আফটার পিল" যার উপর গর্ভনিরোধক সেট করা যায় এমন কোন পদ্ধতি নয়।